যুগান্তর

JUL 02 2002

# বিরাশিতম বর্ষে ঢাবি'র নীরব পদার্পণ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রাচ্যের অক্সফোর্ড নামে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় গতকাল ৮২ বছরে পদার্পণ করেছে। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কর্মসূচি গ্রহণ করেনি। কোন কর্মসূচি পালন করা হবে না বলে ভিসি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী জানিয়েছেন।

১৯২১ সালের ১ জুলাই ৮৭৬ জন ছাত্র ও ১ জন ছাত্রী নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যাত্রা। প্রতিষ্ঠাকালে মাত্র ৩টি অনুষদ, ১২টি বিভাগ এবং ৬৪ জন শিক্ষক ছিলেন। কালে কালে বিভাগ ও অনুষদ বৃদ্ধির ফলে বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ৭টি অনুষদে ৪৮টি

ঢাবি : পৃষ্ঠা : ৭ কলাম : ৬

## ঢাবি : বিরাশিতম

বিভাগ প্রতিষ্ঠিত হয়েছে। যুগোপযোগী ও অত্যাধুনিক আরও ৫টি বিভাগ খোলার প্রক্রিয়াধীন আছে। প্রতিষ্ঠিত হয়েছে ৯টি ইন্সটিটিউট। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে প্রায় ২৮ হাজার ছাত্রছাত্রী রয়েছে।

তৎকালীন পূর্ববাংলা ও স্বাধীন বাংলাদেশের রাজনীতি, সমাজনীতি, শিক্ষা বিস্তারসহ সব ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবদান রয়েছে। লোক প্রশাসন বিভাগের ছাত্র শফিউল ইসলাম নিয়মিত প্রতিষ্ঠাবার্ষিকী পালনের দাবি জানান। ভূগোল ও পরিবেশ বিভাগের ছাত্র মোঃ ফরিদউদ্দিন আহমেদ বলেন, নিয়মিত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হলে এর থেকে আমরা অনেক কিছু শিখতে পারব। সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী বলেন, নিয়মিত প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা উচিত। আমরা ৭৫ বছর ও ৮০ বছর পূর্তি পালন করেছিলাম। নিয়মিত প্রতিষ্ঠাবার্ষিকী পালন করলে এর ইতিহাস ঐতিহ্য থেকে ছাত্রছাত্রীরা উৎসাহ উদ্দীপনা পায়।